

কমিশনে রাজনৈতিক দলসমূহের নিবন্ধন আইন, ২০২০

জাতীয় সংসদ নির্বাচন পরিচালনা সংক্রান্ত The Representation of the People Order, 1972 (P.O. No.155 of 1972) এর Chapter VIA এ উল্লেখিত Registration of Political Parties with the Commission শিরোনামের অধীনে ন্যস্ত ধারাসমূহ রহিতক্রমে উহার মৌলিক বিধানাবলি অবলম্বন করিয়া একটি স্বতন্ত্র আইন প্রণয়নের লক্ষ্যে আনীত

বিল

যেহেতু জাতীয় সংসদ নির্বাচন পরিচালনা সংক্রান্ত The Representation of the People Order, 1972 (P.O. No.155 of 1972) এর Chapter VIA এ উল্লেখিত Registration of Political Parties with the Commission শিরোনামের অধীনে ন্যস্ত ধারাসমূহ রহিতক্রমে উহার মৌলিক বিধানাবলি অবলম্বন করিয়া একটি স্বতন্ত্র আইন প্রণয়ন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু, এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

প্রারম্ভিক

- ১। সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন।-(১) এই আইন রাজনৈতিক দলসমূহের নিবন্ধন, ২০২০ নামে অভিহিত হইবে।
 - (২) ইহা সমগ্র বাংলাদেশে প্রযোজ্য হইবে।
 - (৩) ইহা অবিলম্বে কার্যকর হইবে।
- ২। সঞ্জা।- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই আইনে,-
 - (১) “উপজেলা পরিষদ প্রধান ও উপপ্রধান” অর্থে উপজেলা পরিষদ নির্বাচন আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ২৪ নং আইন) এ সঞ্জায়িত উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান বুঝাইবে;
 - (২) “কমিশন” অর্থ সংবিধানের সপ্তম ভাগে উল্লেখিত অর্থে বাংলাদেশের নির্বাচন কমিশন;
 - (৩) “নগর ও নগর সভা” অর্থে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮ নং আইন) এর পৌর ও পৌরসভা বুঝাইবে;
 - (৪) “নির্ধারিত” অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত;
 - (৫) “নির্বাচন” অর্থ গণপ্রতিনিধিত্ব আইন, ২০২০ (২০২০ সনের ... নং আইন) এবং কমিশনের এতদসংক্রান্ত আইনসমূহের অধীন অনুষ্ঠিত কোন নির্বাচন;



- (৬) “নির্বাচনি এলাকা” অর্থ সংবিধানের অনুচ্ছেদ ১১৯(১)(গ) এর বিধান অনুসারে কমিশন কর্তৃক সংসদ নির্বাচনের জন্য নির্ধারিত নির্বাচনি এলাকা;
- (৭) “পল্লি ও পল্লি পরিষদ” অর্থে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬১ নং আইন) এর ইউনিয়ন ও ইউনিয়ন পরিষদ বুঝাইবে;
- (৮) “পল্লি পরিষদ প্রধান” অর্থে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬১ নং আইন) এ সজ্জায়িত চেয়ারম্যান বুঝাইবে;
- (৯) “পরিষদ” অর্থে জেলা বা উপজেলা বা ইউনিয়ন পরিষদকে বুঝাইবে;
- (১০) “পুরাধ্যক্ষ” অর্থে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন) এ সজ্জায়িত মেয়র বুঝাইবে;
- (১১) “প্রার্থী” অর্থ নির্বাচনের জন্য প্রার্থী হিসাবে প্রস্তাবকৃত কোন ব্যক্তি;
- (১২) “প্রতিদ্বন্দ্বী প্রার্থী” অর্থ এমন কোন প্রার্থী যিনি নির্বাচনের জন্য বৈধভাবে মনোনীত হইয়াছেন এবং যাহার প্রার্থিতা সংশ্লিষ্ট আইনের বিধান অনুসারে প্রত্যাহার করা হয় নাই বা তাহার প্রার্থিতার অবসান হয় নাই;
- (১৩) “বিধি” অর্থ এই আইনের অধীন প্রণীত কোন বিধি;
- (১৪) “ভোটার” অর্থ, কোন নির্বাচনি এলাকার ক্ষেত্রে, কোন ব্যক্তি যিনি ভোটার হিসাবে উক্ত নির্বাচনি এলাকার চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হইয়াছেন;
- (১৫) “ভোটার তালিকা” অর্থ ভোটার তালিকা আইন, ২০০৯ (২০০৯ সনের ৬ নং আইন) এর অধীন প্রণীত চূড়ান্ত ভোটার তালিকা;
- (১৬) “মহানগর আধিকারিক” অর্থে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন) এ সজ্জায়িত মেয়র বুঝাইবে;
- (১৭) “মহানগর ও মহানগর সভা” অর্থে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ আইন) এর সিটি ও কর্পোরেশন বুঝাইবে;
- (১৮) “রাজনৈতিক দল” অর্থ সংবিধানের অনুচ্ছেদ ১৫২(১) এ সংজ্ঞায়িত এবং এই আইনের ধারা ৪ এর অধীনে নিবন্ধিত কোন রাজনৈতিক দল;
- (১৯) “সংবিধান” অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান;
- (২০) “সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষ” অর্থ সংবিধানের অনুচ্ছেদ ১৫২(১) এ সংজ্ঞায়িত কোন সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষ;
- (২১) “সংসদ” অর্থ সংবিধানের অনুচ্ছেদ ১৫২ এ সংজ্ঞায়িত বাংলাদেশের সংসদ;
- (২২) “সদস্য” অর্থ সংসদের কোন সদস্য; এবং
- (২৩) “স্বতন্ত্র প্রার্থী” অর্থ এইরূপ কোন প্রার্থী যিনি কোন রাজনৈতিক দল কর্তৃক মনোনয়নপ্রাপ্ত নহেন।



৩। রাজনৈতিক দলের নিবন্ধন।- এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, কোন রাজনৈতিক দল ধারা ৪ এ বর্ণিত শর্তাদি পূরণ সাপেক্ষে, কমিশনে দলের নাম নিবন্ধন করিতে পারিবে।

৪। নিবন্ধনের শর্তাবলি।- (১) কোন রাজনৈতিক দল নিবন্ধিত হইতে আগ্রহী হইলে-

(ক) নিম্নবর্ণিত শর্তাদির যে কোন দুইটি পূরণ করিতে হইবে, যথা: -

(অ) দরখাস্ত দাখিল করিবার তারিখ হইতে পূর্ববর্তী দুইটি সংসদ নির্বাচনে দলীয় নির্বাচনি প্রতীক লইয়া কমপক্ষে একটি আসন লাভ; বা

(আ) উপরোক্ত সংসদ নির্বাচনের যে কোন একটিতে দরখাস্তকারী দল কর্তৃক নির্বাচনে অংশ গ্রহণকৃত আসনে প্রদত্ত মোট ভোটের শতকরা পাঁচ ভাগ ভোট লাভ; বা

(ই) দলের সাংগঠনিক কাঠামোর স্থিতি হিসাবে কেন্দ্রীয় কমিটিসহ, উহা যে নামেই অভিহিত হোক না কেন, একটি সক্রিয় কেন্দ্রীয় দপ্তর এবং অন্যান্য এক তৃতীয়াংশ প্রশাসনিক জেলায় কার্যকর জেলা দপ্তর, অন্যান্য একশত উপজেলা বা ক্ষেত্রমত মেট্রোপলিটন থানার প্রতিটিতে কার্যকর দপ্তরসহ ন্যূনপক্ষে দুইশত ভোটার সদস্য হিসাবে দলের তালিকাভুক্তি।

(খ) দফা (ক)- এ বর্ণিত শর্ত প্রতিপালন ছাড়াও নিবন্ধনে আগ্রহী রাজনৈতিক দলের দলীয় গঠনতন্ত্রে নিম্নরূপ সুস্পষ্ট বিধান থাকিতে হইবে, যথা: -

(অ) কেন্দ্রীয় কমিটিসহ সকল পর্যায়ের কমিটির সদস্য নির্বাচিত করা;

(আ) কেন্দ্রীয় কমিটিসহ সকল পর্যায়ের কমিটি ন্যূনপক্ষে শতকরা ৩৩ ভাগ সদস্য পদ মহিলা সদস্যদের জন্য সংরক্ষণের লক্ষ্যমাত্রা ধার্য থাকিবে এবং কমিশনে প্রদেয় বার্ষিক প্রতিবেদনে এই লক্ষ্যমাত্রা অর্জনের বিবরণী অন্তর্ভুক্ত করিতে হইবে;

(ই) শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক বা ছাত্র এবং আর্থিক, বাণিজ্যিক বা শিল্প প্রতিষ্ঠানের বা সংস্থার কর্মচারী বা শ্রমিকদের সমন্বয়ে বা অন্য কোন পেশার সদস্যগণের সমন্বয়ে অঙ্গ সংগঠন থাকিবে না:

তবে শর্ত থাকে যে, তাহাদের স্ব স্ব ক্ষেত্রে স্বাধীনভাবে সংগঠিত হইবার কিংবা সংগঠন, সমিতি, ট্রেড ইউনিয়ন ইত্যাদি গঠন করিবার ও বর্ণিত সকল প্রকার গণতান্ত্রিক ও রাজনৈতিক অধিকার প্রয়োগ করিবার ক্ষেত্রে এবং ব্যক্তি হিসাবে, বিদ্যমান আইনের বিধানাবলী সাপেক্ষে, রাজনৈতিক দলের সদস্য হইবার ক্ষেত্রে কোন বাধা থাকিবে না; এবং

(ঈ) সংশ্লিষ্ট নির্বাচনি এলাকা, পল্লি, উপজেলা বা ক্ষেত্রমত, থানা ও জেলা কমিটির দলীয় সদস্যগণ সংসদ নির্বাচনের জন্য তালিকা তৈরি করিবে এবং কেন্দ্রীয় সংসদীয় পর্যদ উক্ত তালিকা বিবেচনাপূর্বক প্রার্থী মনোনয়ন চূড়ান্ত করিবে।



(২) স্বতন্ত্র প্রার্থী হিসাবে নির্বাচিত কেহ পরবর্তীকালে কোন অনির্বাচিত রাজনৈতিক দলে যোগদান করিলে তাহারপদ যোগদানকারী দল কর্তৃক আহরিত হইয়াছে মর্মে গণ্য হইবে না।

(৩) নির্বাচন কমিশন সচিবালয় বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতির মাধ্যমে রাজনৈতিক দলসমূহের শর্তাদি পূরণ সম্পর্কে তদন্ত করিয়া প্রতি বৎসর ডিসেম্বর মাসের মধ্যে কমিশনের নিকট প্রতিবেদন উপস্থাপন করিবে। কমিশনের বিবেচনায় কোন রাজনৈতিক দল শর্তাদি পূরণে ব্যর্থ হইলে ধারা ১১ অনুসারে সেই রাজনৈতিক দলের নিবন্ধন বাতিল করা হইবে।

৫। কতিপয় কারণে নিবন্ধীকরণে বাধা।- (১) একটি রাজনৈতিক দল নিবন্ধীকরণের অযোগ্য হইবে, যদি-

- (ক) উক্ত দলের গঠনতন্ত্রের উদ্দেশ্যসমূহ সংবিধানের পরিপন্থি হয়; বা
- (খ) উক্ত দলের গঠনতন্ত্রে ধর্ম, বর্ণ, গোত্র, ভাষা ও লিঙ্গ ভেদে কোন বৈষম্য প্রতীয়মান হয়; বা
- (গ) নাম, পতাকা, সীল বা অন্য কোন কর্মকাণ্ড দ্বারা ধর্মীয় বা সাম্প্রদায়িক ঐক্য বিনষ্ট হইবার কিংবা দেশকে বিচ্ছিন্নতার দিকে লইয়া যাইবার আশঙ্কা থাকে; বা
- (ঘ) গঠনতন্ত্রে দলবিহীন বা একদলীয় ব্যবস্থা সংরক্ষণ বা লালন করিবার উদ্দেশ্য প্রতিফলিত হয়; বা
- (ঙ) গঠনতন্ত্রে দেশের ভৌগোলিক সীমার বাহিরে কোন দপ্তর, শাখা বা কমিটি গঠন এবং পরিচালনার বিধান থাকে।

(২) যদি কোন নামে কোন রাজনৈতিক দল ইতিপূর্বে নিবন্ধিত হইয়া থাকে, তাহা হইলে উক্ত নামে অন্য কোন দলের নিবন্ধনের জন্য দাখিলী দরখাস্ত মঞ্জুর করা হইবে না:

তবে শর্ত থাকে যে, যেইক্ষেত্রে একাধিক রাজনৈতিক দল নিবন্ধিত না হইয়া থাকে, সেইক্ষেত্রে কমিশন দরখাস্তকারী সকল দলকে যুক্তিসঙ্গত শুনানীর সুযোগ প্রদান করিয়া উহাদের যে কোন একটি দলকে উক্ত নামে নিবন্ধন মঞ্জুর করিতে পারিবেন।

(৩) কমিশন সরকার কর্তৃক নিষিদ্ধ ঘোষিত কোন রাজনৈতিক দলকে নিবন্ধন করিবেন না।

৬। নিবন্ধনের জন্য দরখাস্ত।- ধারা ৩ ও ৪ এ বর্ণিত শর্তসমূহ প্রতিপালনকারী ধারা ৫ এর অধীন অযোগ্য নয় এইরূপ কোন রাজনৈতিক দল নিবন্ধনের জন্য দলের প্রধান ও সাধারণ সম্পাদক বা মহাসচিব বা উহাদের সমপর্যায়ের পদাধিকারীর স্বাক্ষরে নির্ধারিত পদ্ধতিতে দরখাস্ত দাখিল করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, কমিশন কোন রাজনৈতিক দলকে নিবন্ধনের জন্য আবেদন করিবার অনুমতি প্রদান করিতে পারিবে যদি উহা, ধারা ৪ এর উপ-ধারা (১) এর দফা (খ)(অ), (খ)(আ), (খ)(ই), (খ)(ঈ) এ উল্লিখিত বিধানাবলি এবং ধারা ৬ এর বিধানাবলি প্রতিপালনসহ নিবন্ধনের আবেদন দাখিলের তারিখ হইতে ১২ (বারো) মাসের মধ্যে সংশোধিত গঠনতন্ত্র দাখিলের শর্তে দলের সর্বোচ্চ নীতি নির্ধারণী পর্যায়ের সিদ্ধান্তসহ অস্থায়ী গঠনতন্ত্রের মাধ্যমে নিবন্ধনের জন্য আবেদন করে।



৭। নিবন্ধন সনদপত্র।- (১) কোন রাজনৈতিক দলকে নিবন্ধন প্রদানের সিদ্ধান্ত গ্রহণের পর, ঐ দলের অনুকূলে কমিশন নির্ধারিত পদ্ধতিতে একটি নিবন্ধন সনদপত্র প্রদান করিবেন এবং উহা সরকারি গেজেটে প্রকাশ করিবেন।

(২) নিবন্ধনের জন্য দাখিলকৃত কোন দরখাস্ত নাকচ করা হইলে, চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের ১৫ (পনেরো) কার্য দিবসের মধ্যে, কমিশন উহা লিখিতভাবে সংশ্লিষ্ট দলকে অবহিত করিবেন।

(৩) নিবন্ধন বিষয়ে কমিশনের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৮। রাজনৈতিক দলের মনোনীত প্রার্থীদের নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা।-(১) গণপ্রতিনিধিত্ব আইন, ২০২০ (২০২০ সনের .. নং আইন) এর ধারা ১০ এর বিধান অনুসারে জাতীয় সংসদ সদস্য পদে নির্বাচনে অংশগ্রহণের জন্য কোন ব্যক্তিকে কোন রাজনৈতিক দল কর্তৃক মনোনীত বা স্বতন্ত্র প্রার্থী হইতে হইবে।

(২) স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন) এর ধারা ৩২ক এর বিধান অনুসারে মহানগর আধিকারিক পদে নির্বাচনে অংশ গ্রহণের জন্য কোন ব্যক্তিকে কোন রাজনৈতিক দল কর্তৃক মনোনীত বা স্বতন্ত্র প্রার্থী হইতে হইবে।

(৩) স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন) এর ধারা ২০ক এর বিধান অনুসারে নগর পুরাধ্যক্ষ পদে নির্বাচনে অংশ গ্রহণের জন্য কোন ব্যক্তিকে কোন রাজনৈতিক দল কর্তৃক মনোনীত বা স্বতন্ত্র প্রার্থী হইতে হইবে।

(৪) উপজেলা পরিষদ নিবর্বাচন আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ২৪ নং আইন) এর ধারা ১৬ক এর বিধান অনুসারে উপজেলা পরিষদের প্রধান ও উপ-প্রধান পদে নির্বাচনে অংশ গ্রহণের জন্য কোন ব্যক্তিকে কোন রাজনৈতিক দল কর্তৃক মনোনীত বা স্বতন্ত্র প্রার্থী হইতে হইবে।

(৫) স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬১ নং আইন) এর ধারা ১৯ক এর বিধান অনুসারে পল্লি পরিষদের প্রধান পদে নির্বাচনে অংশ গ্রহণের জন্য কোন ব্যক্তিকে কোন রাজনৈতিক দল কর্তৃক মনোনীত বা স্বতন্ত্র প্রার্থী হইতে হইবে।

৯। নিবন্ধিত রাজনৈতিক দলের প্রাধিকার।- (১) উপ-ধারা (২) এর বিধান সাপেক্ষে, কোন নিবন্ধিত রাজনৈতিক দল-

(ক) বিধি দ্বারা নিষিদ্ধ উৎস ব্যতিরেকে, কোন ব্যক্তি, কোম্পানী, দলগতভাবে একাধিক কোম্পানীর কিংবা বেসরকারী সংস্থা হইতে দান অথবা অনুদান গ্রহণ করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, উক্তরূপ দান বা অনুদানের পরিমাণ কোন পঞ্জিকা বৎসরে নিম্নবর্ণিত সীমা অতিক্রম করিবে না, যথা :-

(অ) ব্যক্তির ক্ষেত্রে, দশ লক্ষ টাকা বা উহার সমমানের কোন সম্পদ বা সেবা;

(আ) প্রতিষ্ঠানের ক্ষেত্রে, পঞ্চাশ লক্ষ টাকা বা উহার সমমানের কোন সম্পদ বা সেবা।

(খ) এই আইন বা বিধিমালার অধীন অনুষ্ঠিতব্য যে কোন নির্বাচনে দল কর্তৃক মনোনীত সকল প্রার্থীর জন্য নির্ধারিত প্রতীক হইতে পছন্দকৃত যে কোন একটি প্রতীক বরাদ্দ করা হইবে এবং এইভাবে



বরাদ্দকৃত প্রতীক সেই দলের জন্য সংরক্ষিত থাকিবে, যদি না নির্ধারিত প্রতীকগুলির মধ্য হইতে অন্য কোন প্রতীক পাওয়ার জন্য পরবর্তীকালে ইচ্ছা প্রকাশ করে;

- (গ) নির্বাচনের পূর্বে বিনামূল্যে ভোটার তালিকার এক সেট সিডি কিংবা ডিভিডি বা অন্য কোন ইলেক্ট্রনিক ফরম্যাটে পাওয়ার অধিকারী হইবে;
- (ঘ) কমিশন কর্তৃক নির্ধারিত নীতিমালা ও নির্দেশাবলির অনুসরণে নির্বাচনের সময় রাষ্ট্রীয় মালিকানাধীন গণমাধ্যমে সম্প্রচার এর সুবিধা পাওয়ার অধিকারী হইবে;
- (ঙ) নির্বাচন সংক্রান্ত কোন বিষয়ে, বিশেষতঃ এই আইন বা বিধিমালা অনুসারে সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে নির্বাচন অনুষ্ঠানের সমস্যা ও পন্থা সম্পর্কে কমিশনের সহিত পরামর্শের অধিকারী হইবে।

(২) কোন নিবন্ধিত রাজনৈতিক দল কোন বিদেশি রাষ্ট্র বা বিদেশি সাহায্যপুষ্ট কোন বেসরকারি সংস্থা বা জন্মসূত্রে বাংলাদেশি নহেন এমন কোন ব্যক্তি বা তৎকর্তৃক প্রতিষ্ঠিত বা পরিচালিত কোন সংস্থার নিকট হইতে কোন উপহার, দান, অনুদান বা অর্থ গ্রহণ করিতে পারিবে না।

১০। নিবন্ধনের শর্তাদি পরিপালন সম্পর্কে কমিশনকে অবহিতকরণ।- ধারা ৪ এর উপ-ধারা (১)(খ) এ উল্লিখিত বিধানাবলি প্রতিপালন সম্পর্কে নিবন্ধিত রাজনৈতিক দল নির্ধারিত পদ্ধতিতে কমিশনকে অবহিত করিবে।

১১। নিবন্ধন বাতিল, ইত্যাদি।- (১) কোন নিবন্ধিত রাজনৈতিক দলের নিবন্ধন নিম্নোক্ত কারণে বাতিল হইবে, যথা:-

- (ক) দলের গঠনতন্ত্র অনুযায়ী সর্বোচ্চ সিদ্ধান্ত গ্রহণকারী কমিটি, উহা যে নামেই অভিহিত হউক না কেন, কর্তৃক দলকে বিলুপ্ত ঘোষণা করা হইলে কিংবা নিবন্ধন বাতিলের জন্য দলের প্রধান ও সাধারণ সম্পাদক বা মহাসচিব বা উহাদের সমপর্যায়ের পদাধিকারী কর্তৃক দলীয় সিদ্ধান্তের কার্যবিবরণীসহ কমিশন বরাবর আবেদন করা হইলে; বা
- (খ) নিবন্ধিত কোন রাজনৈতিক দল সরকার কর্তৃক নিষিদ্ধ ঘোষিত হইলে; বা
- (গ) এই আইন ও বিধিমালার অধীন কমিশনে প্রেরিতব্য কোন তথ্য পর পর তিন বৎসর প্রেরণ করিতে ব্যর্থ হইলে; বা
- (ঘ) রাজনৈতিক দলটি কর্তৃক ধারা ৪ এর উপ-ধারা (১)(খ) এর কোন বিধান লংঘন করা হইলে; বা
- (ঙ) রাজনৈতিক দলটি পর পর দুইটি জাতীয় সংসদ নির্বাচনে অংশগ্রহণ না করিলে; বা
- (চ) রাজনৈতিক দলটি ধারা ৫ এর শর্তাংশে বর্ণিত সময়সীমার মধ্যে একটি সংশোধিত গঠনতন্ত্র দাখিলে ব্যর্থ হইলে; বা
- (ছ) ধারা ৪ উপ-ধারা (৩) এর অধীন কৃত তদন্তে শর্ত পূরণে ব্যর্থ হইলে।

(২) কমিশন উপ-ধারা (১) এর দফা (গ), (ঘ), (ঙ) ও (চ) এর অধীন নিবন্ধন বাতিলের পূর্বে নির্ধারিত পদ্ধতিতে সংশ্লিষ্ট রাজনৈতিক দলকে শুনানীর সুযোগ প্রদান করিবেন।



(৩) বিলুপ্ত ঘোষিত নিবন্ধিত কোন রাজনৈতিক দলের নাম অনুযায়ী অপর কোন দলকে নিবন্ধিত করা হইবে না।

(৪) বিলুপ্ত ও বাতিলকৃত নিবন্ধিত রাজনৈতিক দলের নাম সরকারি গেজেটে প্রকাশ করা হইবে।

১২। নিবন্ধন সংক্রান্ত বিষয়ে কমিশনের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল।- কমিশন কর্তৃক কোন নিবন্ধিত রাজনৈতিক দলের নিবন্ধন বাতিল আদেশের বিরুদ্ধে সংক্ষুব্ধ দল হাইকোর্ট বিভাগে আপিল দায়ের করিতে পারিবে।

১৩। সরল বিশ্বাসে কৃত কাজ-কর্ম।- এই আইন বা তদাধীন প্রণীত কোন বিধি বা আদেশ বা প্রদত্ত কোন নির্দেশ-এর অধীন বা তদানুসারে, সরল বিশ্বাসে কৃত বা ঙ্গিত কোন কিছুর জন্য কমিশন বা উহার কোন কর্মকর্তা বা অন্য কোন ব্যক্তির বিরুদ্ধে কোন দেওয়ানি বা ফৌজদারি মামলা দায়ের বা অন্য কোন আইনগত কার্যক্রম গ্রহণ করা যাইবে না।

১৪। সকল নিবন্ধিত রাজনৈতিক দল এবং প্রার্থীর ক্ষেত্রে, নির্বাচনি প্রচার সংক্রান্ত সুযোগ সুবিধাদির সুষম ব্যবহার।- সরকার, নিরপেক্ষ নির্বাচন নিশ্চিত করিবার উদ্দেশ্যে, প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণ বা তাহাদিগকে প্রার্থী হিসাবে মনোনয়ন প্রদানকারী নিবন্ধিত রাজনৈতিক দলসমূহকে তৎবিবেচনায় উপযুক্ত সুযোগ-সুবিধা প্রদান করিতে পারিবে।

১৫। বিধি প্রণয়নের ক্ষমতা।- এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে কমিশন, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারিবেন।

১৬। রহিতকরণ ও হেফাজত।- (১) The Representation of the People Order, 1972 (P.O. No.155 of 1972) এবং এই Order অধীন Chapter VIA এতদ্বারা রহিত করা হইল।

(২) উপ-ধারা (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও,

(ক) রহিত Order এর অধীন কোনো মামলা বিচারাধীন থাকিলে বা অন্য কোনো কার্যধারা চলমান থাকিলে উহা উক্ত Order এর অধীন নিষ্পত্তি হইবে;

(খ) এইরূপ রহিত হইবার পূর্বে, উক্ত আইন এর অধীনে প্রণীত সকল বিধি, আদেশ, জারিকৃত প্রজ্ঞাপন অথবা বিজ্ঞপ্তি এই আইনের বিধানাবলীর সহিত সাংঘর্ষিক না হইলে, এই আইনের বিধানাবলীর অধীনে রহিত অথবা সংশোধিত না হওয়া পর্যন্ত এইরূপে বলবৎ থাকিবে যেন উহা এই আইনের অধীন প্রণীত ও জারি করা হইয়াছে।

.....

